

B.A.6<sup>th</sup> Semester (General) Examination, 2022 (CBCS)

বাংলা (সাধারণ)

Course – DSE-IB

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক  
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময়- তিন ঘণ্টা

পূর্ণ মান -৬০

(উনিশ শতকের বাংলা নাটক)

১। পূর্ণবাক্যে যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:

২×১০=২০

- ক) 'ক্যালকাটা থিয়েটার' এবং 'বেঙ্গলী থিয়েটার' কবে প্রতিষ্ঠিত হয়?
- খ) বাংলা ভাষায় রচিত প্রথম ট্র্যাজেডি কোনটি? রচয়িতার নাম লেখো।
- গ) কালীপ্রসন্ন সিংহ কোন রঙ্গমঞ্চ প্রতিষ্ঠা করেন? তাঁর লেখা একটি নাটকের নাম লেখো।
- ঘ) 'কৃষ্ণকুমারী' নাটকের রচয়িতার নাম ও নাটকটির প্রকাশকাল লেখো।
- ঙ) 'নবীন তপস্বিনী' কার লেখা, কোন ধরনের নাটক?
- চ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের দুটি স্বদেশপ্রেমমূলক নাটকের নাম লেখো।
- ছ) রাজকৃষ্ণ রায় কোন ধরনের নাটক রচনায় খ্যাতি পেয়েছিলেন? তাঁর লেখা সেই ধরনের একটি নাটকের নাম লেখো।
- জ) 'সুরেন্দ্র-বিনোদিনী' নাটকটির রচয়িতা কে? বাংলা নাটকের ইতিহাসে এই নাটকটি কেন স্মরণীয় হয়ে আছে?
- ঝ) গিরিশচন্দ্র ঘোষ কবে, কোন থিয়েটার প্রতিষ্ঠা করেন?
- ঞ) অমৃতলাল বসুর দুটি সামাজিক কমেডির নাম লেখো।
- ট) উনিশ শতকে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি নাটকের নাম প্রকাশকালসহ লেখো।
- ঠ) বেলগাছিয়া নাট্যশালা ও জোড়াসাঁকো নাট্যশালার প্রতিষ্ঠাকাল উল্লেখ করো।
- ড) প্রকাশকালসহ গিরিশচন্দ্র ঘোষের দুটি প্রহসনের নাম লেখো।
- ঢ) 'ভদ্রার্জুন' কার লেখা নাটক? এর প্রকাশকাল লেখো।
- ণ) মধুসূদন দত্তের একটি ঐতিহাসিক নাটক ও একটি প্রহসনের নাম প্রকাশকালসহ লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৫×৪=২০

- ক) নাট্যকার রামনারায়ণ তর্করত্ন সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।
- খ) বাংলা নাটকের ইতিহাসে হেরাসিম লেবেডফের নাম উল্লেখযোগ্য কেন, আলোচনা করো।
- গ) নাট্যকার হিসেবে মনোমোহন বসুর কৃতিত্ব আলোচনা করো।

ঘ) প্রহসন রচনায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব বিচার করো।

ঙ) সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের প্রতিভার মূল্যায়ন করো।

চ) নাট্যনিয়ন্ত্রণ আইন সম্পর্কে যা জানো সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

ক) বাংলা নাটকের উদ্ভব ও বিকাশপর্ব সম্পর্কে আলোচনা করো।

খ) উনিশ শতকের দ্বিতীয়ার্ধের যে-কোনো একজন বিখ্যাত প্রহসন রচয়িতা সম্পর্কে আলোচনা করো।

গ) পৌরাণিক নাটক রচনায় মাইকেল মধুসূদন দত্তের প্রতিভার বিচার করো।

ঘ) নাট্যকার জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব বিচার করো।

অথবা

(উনিশ শতকের বাংলা প্রবন্ধ)

১। পূর্ণবাক্যে যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

ক) রামমোহন রায়ের দুটি সংস্কৃত থেকে অনূদিত গ্রন্থের নাম লেখো।

খ) 'তত্ত্ববোধিনী' পত্রিকা কার সহায়তায় ও কার সম্পাদনায় কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

গ) অক্ষয়কুমার দত্তের দুটি পাঠ্যপুস্তকের নাম লেখো।

ঘ) প্রকাশকালসহ বিদ্যাসাগরের লেখা দুটি মৌলিক প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

ঙ) প্যারীচাঁদ মিত্র সম্পাদিত পত্রিকাটির নাম লেখো। এটি কবে প্রকাশিত হয়?

চ) মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের জীবনচরিতের নাম কী? এর প্রকাশকাল কত?

ছ) শিবনাথ শাস্ত্রীর দুটো প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

জ) 'বিজ্ঞানরহস্য' কার রচনা? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।

ঝ) বঙ্কিম-সমসাময়িক দুইজন প্রাবন্ধিকের নাম লেখো।

ঞ) 'পরিব্রাজক' কার রচনা? রচনাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

ট) মীর মশাররফ হোসেনের দুটি প্রবন্ধ-পুস্তকের নাম লেখো।

ঠ) স্বর্ণকুমারী দেবীর লেখা একটি প্রবন্ধগ্রন্থ প্রকাশকালসহ লেখো।

ড) প্রবন্ধ কাকে বলে? এর যে-কোনো দুটি বৈশিষ্ট্য লেখো।

ঢ) 'পঞ্চভূত' কার লেখা প্রবন্ধ গ্রন্থ? গ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয়?

৭) 'বঙ্গদর্শন' পত্রিকাটি প্রথম কবে প্রকাশিত হয়? এর প্রথম দু'জন সম্পাদকের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৫×৪=২০

ক) বাংলা প্রবন্ধসাহিত্যে বিবেকানন্দের অবদান আলোচনা করো।

খ) সামাজিক প্রবন্ধ-রচয়িতা হিসেবে ভূদেব মুখোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো।

গ) উনিশ শতকে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধগ্রন্থগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

ঘ) প্রাবন্ধিক দেবেন্দ্রনাথ ঠাকুরের মূল্যায়ন করো।

ঙ) রামমোহন রায়ের প্রবন্ধের ভাষারীতি সম্পর্কে আলোচনা করো।

চ) রাজেন্দ্রলাল মিত্রের প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

২×১০=২০

ক) উনিশ শতকের প্রথমার্ধে বাংলা প্রবন্ধ-সাহিত্যের উদ্ভব সম্পর্কে আলোচনা করো।

খ) বাংলা প্রবন্ধ-সাহিত্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

গ) উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা প্রবন্ধ-সাহিত্যে 'বঙ্গদর্শন'-গোষ্ঠীর ভূমিকা লেখো।

ঘ) বঙ্কিমচন্দ্রের প্রবন্ধের বিষয়-বৈচিত্র্যের উল্লেখ করে প্রবন্ধ রচনায় তাঁর দক্ষতা আলোচনা করো।